**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কেন্দ্রীয় সরকারের মঞ্জুরীকৃত অর্থে বিভিন্ন প্রকল্প সরজমিনে খতিয়ে দেখতে উত্তর পূর্ব উন্নয়ন মন্ত্রকের তিনদিনের রাজ্য সফর আজ থেকে শুরু হয়েছে।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন |**

**(৩) উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন বলেছেন, ক্যান্সারের বিরুদ্ধে লড়াইয়ে এবং এই রোগের উপর বিজয় অর্জনের জন্য মানসিক শক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ।**

**(৪) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন সাধারণ নাগরিকদের জন্য কেওয়াইসি প্রক্রিয়া সহজ করতে সমস্ত আর্থিক নিয়ন্ত্রক সংস্থার প্রতি আহ্বান জানিয়েছেন।**

**(৫) উত্তরপূর্ব অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের ক্রিকেট প্রতিযোগিতায় ত্রিপুরা ফাইনালে উ⎕ছে।**

*************************************************************

**Secretary-Doner-1:**

উত্তর পূর্ব উন্নয়ন মন্ত্রক বা ডোনারের সচিব সঞ্জয় জাজু প্রত্নভূমি ঊনকোটির স্থাপত্য ও ভাস্কর্য দেখে আপ্লুত। তিনি আজ বিকালে কৈলাশহরে অবস্থিত প্রত্ন ও পর্যটনক্ষেত্র ঊনকোটি পরিদর্শন করেন। পাহাড়ের গায়ে খোদিত অপূর্ব স্থাপত্য ও ভাস্কর্য ঘুরে ঘুরে দেখেন। ঊনকোটির গৌরবগাঁথা,প্রত্ন ইতিহাস, কিংবদন্তি সম্পর্কে অবহিত হন। ইতিপূর্বে

ঊনকোটি'কে আকর্ষণীয় করে তুলতে গৃহীত পদক্ষেপ, ভারতীয় প্রত্নতত্ত্ব বিভাগের উদ্যোগ সম্পর্কে খোঁজখবর নেন। পরিদর্শনকালে তাঁর সাথে ছিলেন, তাঁর সহধর্মিনী জ্যোতি জাজু, পূর্বোত্তর উন্নয়ণ বিভাগের অধিকর্তা বিবেক গোয়েল, রাজ্য সরকারের পরিকল্পনা দপ্তরের সচিব এল. টি. দারলং, ঊনকোটি জেলার জেলাশাসক ডক্টর তমাল মজুমদার প্রমুখ। আজ বিকালে শ্রী জাজু ঊনকোটি'তে এসে পৌঁছলে ভারতীয় প্রত্নতত্ব বিভাগ, ঊনকোটি জেলা প্রশাসন থেকে উষ্ণ অভ্যর্থনা জানানো হয়। শৈবতীর্থ ঊনকোটি পরিদর্শন শেষে উত্তর পূর্ব উন্নয়ন মন্ত্রকের সচিব সঞ্জয় জাজু আকাশবাণী'র জেলা সংবাদদাতা অনুপম ভট্টাচার্যকে এক সাক্ষাৎকারে জানান, কেন্দ্রীয় সরকারের মঞ্জুরীকৃত অর্থে চলমান ও সম্পন্ন কর্মধারা সরজমিনে দেখতে তাঁর তিনদিনের ত্রিপুরা সফর আজ থেকে শুরু হয়েছে।

**************************

**Secretary-Doner-2:**

উত্তর পূর্ব উন্নয়ণ মন্ত্রকের সচিব সঞ্জয় জাজু আজ উত্তর জেলার ধর্মনগরের ফুলবারুই-তে আগর চাষের গ্রাম পরিদর্শন করেছেন। তিনি আগরচাষীদের সঙ্গে মত বিনিময় করেন। পরে তিনি জানান, রাজ্যে আগর চাষের ব্যাপক সম্ভাবনা রয়েছে। আগর চাষীদের বিভিন্ন সমস্যা সমাধানে প্রধানমন্ত্রী এবং ডোনার মন্ত্রীর উদ্যোগে টাস্ক ফোর্স গঠন করা হয়েছে। টাস্ক ফোর্সের সুপারিশ অনুসারে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হচ্ছে।

**************************

**Maan Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন । এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১৩৩তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে।

অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে।। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

**************************

**Chief Justice:**

প্রধান বিচারপতি সূর্যকান্ত আজ বলেছেন, বিচার বিভাগ এবং এর সহযোগী প্রতিষ্ঠানগুলো জনগণের গভীর আস্থা অর্জন করেছে এবং এই আস্থা রক্ষা করা ও আরো শক্তিশালী করা সবার সম্মিলিত দায়িত্ব। তিনি আজ জয়পুরের কন্সটিটিউশন ক্লাবে "অবসরের পরেও বিচারকের আসন" শীর্ষক একটি সেমিনারে বক্তব্য রাখতে গিয়ে একথা বলেন। প্রাক্তন বিচারপতিদের ভূমিকার ওপর জোর দিয়ে প্রধান বিচারপতি সূর্যকান্ত বলেন, বিচার ব্যবস্থা শক্তিশালী করার ক্ষেত্রে তাঁদের অবদান অপরিহার্য। নাগরিকদের মধ্যে আইনি সচেতনতা ছড়িয়ে দেওয়ার পাশাপাশি অবসরপ্রাপ্ত বিচারপতিরা আপস-মীমাংসা ও মধ্যস্থতায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। তিনি বিচার বিভাগ এবং এর সহযোগী সংস্থা, যার মধ্যে ন্যাশনাল লিগ্যাল সার্ভিসেস অথরিটি এবং স্টেট লিগ্যাল সার্ভিসেস অথরিটি অন্তর্ভুক্ত, তাদের আরও সক্রিয়ভাবে এবং বৃহত্তর সচেতনতার সঙ্গে কাজ করার জন্য প্রধান বিচারপতি আহ্বান জানান।

**************************

**Akashbani @90:**

আকাশবাণী, প্রসার ভারতী মাইগভ-এর সহযোগিতায় দেশজুড়ে নাগরিকদের "আকাশবাণী @৯০- ভারতের নতুন ছন্দ" এই থিমের উপর একটি সিগনেচার টিউন তৈরির প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানিয়েছে। এর উদ্দেশ্য হলো আকাশবাণীর নির্দিষ্ট অনুষ্ঠানগুলির জন্য এমন আইকনিক যন্ত্রসংগীতের থিম বা জিঙ্গেল তৈরি করা, যা ৯০ বছরের

ঐতিহ্যকে সম্মান জানানোর পাশাপাশি আজকের শ্রোতাদের মনেও সাড়া পড়বে।

***************************

**Vice-President:**

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন বলেছেন, ক্যান্সারের বিরুদ্ধে লড়াইয়ে এবং এই রোগের উপর বিজয় অর্জনের জন্য মানসিক শক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজ জয়পুরে রাজস্থান বিশ্ববিদ্যালয়ের ৩৫তম সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে তিনি ক্যান্সার প্রতিরোধে বিশেষ করে তরুণদের নেশাজাতীয় দ্রব্য ও তামাক থেকে দূরে থাকার আহ্বান জানান। ক্যান্সার প্রতিরোধ সম্পর্কে মানুষকে সচেতন করতে উপরাষ্ট্রপতি ব্যাপক জনসচেতনতামূলক প্রচারণার আহ্বান জানান।

তিনি উল্লেখ করেন, কেমোথেরাপি একটি কঠিন চিকিৎসা হলেও, ট্যাবলেট-ভিত্তিক থেরাপির সাম্প্রতিক চিকিৎসা অগ্রগতি একটি উৎসাহব্যঞ্জক ঘটনা। প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার কথা উল্লেখ করে তিনি বলেন, এই উদ্যোগের অধীনে এখন ক্যান্সারের সম্পূর্ণ চিকিৎসার সুযোগ পাওয়া যাচ্ছে। এই অনুষ্ঠানে রাজস্থানের রাজ্যপাল হরিভাউ বাগদে সফল যক্ষ্মা নির্মূল অভিযানের মতো একটি নিবেদিত “ক্যান্সার-মুক্ত রাজস্থান” অভিযানের প্রয়োজনীয়তার উপর জোর দেন।

***************************

**Census:**

রেজিস্ট্রার জেনারেল ও সেন্সাস কমিশনারের কার্যালয় জানিয়েছে, ২০২৭ সালের আদমশুমারির জন্য জাতীয় টোল-ফ্রি হেল্পলাইন নম্বর ১৮৫৫ এখন সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চল জুড়ে চালু হয়েছে। এটি আঞ্চলিক ভাষা এবং ইংরেজিতে বাড়ির তালিকা তৈরি ও গৃহগণনা সংক্রান্ত নির্দেশনা প্রদান করে। এই পরিষেবার লক্ষ্য হলো অংশগ্রহণকে সহজ করা, স্বচ্ছতা

নিশ্চিত করা এবং এই গুরুত্বপূর্ণ জাতীয় কার্যক্রমে নাগরিকদের কার্যকরভাবে অবদান রাখতে সহায়তা করা।

**************************

**Gramin Bank:**

ত্রিপুরা গ্রামীণ ব্যাংক কর্মচারী সমিতি এবং ত্রিপুরা গ্রামীণ ব্যাংক অফিসার্স ইউনিয়নের চতুর্থ যৌথ রাজ্য দ্বি-বার্ষিক সম্মেলন আজ আগরতলায় অনুষ্ঠিত হয়। সম্মেলনে উপস্থিত ছিলেন ন্যাশনাল ফেডারেশন অফ আরআরবি ব্যাংক অফিসার্স এসেসোসিয়েশনের সভাপতি চয়ন সিং রাওয়াত। তিনি বলেন গ্রামীণ ব্যাঙ্ক অফিসার্স এসোসিয়েশন, চাকরির সুবিধা নিশ্চিত করা এবং স্পনসর ব্যাংকগুলোর সাথে বেতন সমতার জন্য লড়াই করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**Finance Minister:**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন সাধারণ নাগরিকদের জন্য কেওয়াইসি প্রক্রিয়া সহজ করতে সমস্ত আর্থিক নিয়ন্ত্রক সংস্থার প্রতি আহ্বান জানিয়েছেন। আজ মুম্বাইয়ে সেবি-র ৩৮তম প্রতিষ্ঠা দিবস উদযাপন অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে অর্থমন্ত্রী বলেন, কোনো নাগরিককে যেন একাধিক আর্থিক পণ্য ও প্ল্যাটফর্মে একই যাচাইকরণ প্রক্রিয়ার পুনরাবৃত্তি করতে না হয়, তা নিশ্চিত করা সমস্ত অংশীদারদের সম্মিলিত দায়িত্ব। এই অনুষ্ঠানে তিনি সেবি-র বিনিয়োগকারী সচেতনতা উদ্যোগ 'জাগরুক'-এরও উদ্বোধন করেন।
অর্থমন্ত্রী সতর্ক করে বলেছেন, কোনো প্রধান এক্সচেঞ্জ, ডিপোজিটরি, ক্লিয়ারিং কর্পোরেশন বা বড় ব্রোকারের ওপর একটিমাত্র সফল সাইবার হামলা জাতীয় পর্যায়ে বাজারকে অচল করে দিতে পারে, সম্পদ নিশ্চিহ্ন করতে পারে এবং জনআস্থাকে এমনভাবে নাড়িয়ে দিতে পারে যা পুনর্গঠন করতে বছরের পর বছর সময় লেগে যাবে। এই ধরনের বিশৃঙ্খলা এড়াতে তিনি সেবি এবং সমস্ত নিয়ন্ত্রিত সংস্থাকে অত্যন্ত সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন।

***************************

**Deed Writers:**

আগরতলা ডিড রাইটার অ্যাসোসিয়েশনের ৭১তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ আগরতলা কোর্ট চত্বরে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এডিএম অসিত কুমার দাস। বক্তারা সংগঠনের দীর্ঘদিনের কার্যক্রম ও অবদান নিয়ে আলোকপাত করেন।

***************************

**Rally- BJP:**

মহিলা সংরক্ষণ বিলের সমর্থনে আজ আগরতলায় বিজেপি'র উদ্যোগে এক মিছিল সংঘটিত করা হয়। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক

সাহা, প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী রায় প্রমুখ।

***************************

**Skill Development-Gomati:**

দক্ষতা উন্নয়নের মাধ্যমে যুবসমাজকে কর্মসংস্থানের সুযোগ করে দিতে প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনায় গোমতী জেলায় তিন মাস ব্যাপী চলছে ইমার্জেন্সি মেডিক্যাল টেকনিশিয়ান বা ইএমটি প্রশিক্ষণ কর্মসূচি। গোমতী জেলা হাসপাতালে আয়োজিত এই কর্মসূচিতে অংশ নিয়েছে রাজ্যের ষাট জন যুবক-যুবতী । ইমার্জেন্সি মেডিকেল টেকনিশিয়ান কোর্সের মাধ্যমে জরুরি চিকিৎসা পরিষেবায় দক্ষতা তৈরি করা এই উদ্যোগের মূল লক্ষ্য।

***************************

**World Veterinary day:**

আজ বিশ্ব ভেটেরিনারি দিবস। পশুপাখির প্রতি যত্নশীল হওয়ার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিই এই দিবস পালনের লক্ষ্য। এ বছর এই দিবসটির প্রতিপাদ্য বিষয় হল, ভেটেরিনারিয়ানস- স্বাস্থ্য ও খাদ্যের অভিভাবক। বিশ্ব ভেটেরিনারি দিবস উপলক্ষে আজ সকালে আগরতলার আস্তাবলে ভেটেরিনারি কাউন্সিল ভবনের সামনে থেকে একটি পদযাত্রা বের হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। ভেটেরিনারী ডক্টর এসোসিয়েশনের সদস্যরাও এই পদযাত্রায় অংশ নেন ।

***************************

**North East Cricket:**

উত্তরপূর্ব অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের ক্রিকেট প্রতিযোগিতায় ত্রিপুরা ফাইনালে উঠেছে। আজ গুয়াহাটির জর্জ মাঠে অনুষ্ঠিত সেমিফাইনালে রাজ্যদল ৬৫ রানে মনিপুরকে হারিয়ে দেয়। আগামী ২৭ এপ্রিল ফাইনালে ত্রিপুরা খেলবে আসামের বিরুদ্ধে।

**************************

**Asmita Football:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত অনূর্ধ্ব ১৬ বছরের অস্মিতা ফুটবল সিটি লিজের আসর আজ থেকে শুরু হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে উদ্বোধনী দিনে দুটি ম্যাচ অনুষ্ঠিত হয়। এতে পানিসাগরের ত্রিপুরা স্পোর্টস স্কুল ৬-০ গোলে ফুলো ঝানু আথলেটিক্স ক্লাবকে এবং খুমপুই একাডেমি ৪-০ গোলে নবোদয় সংঘকে হারিয়ে দেয়।

**************************

**Weather:**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় গরম ও অস্বস্তিকর আবহাওয়ার পূর্বাভাস জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া সব জেলাগুলিতে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস।

**************************

**************************